

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.৮১০০.০৪২.১৪.০৩২.১৭. ৬৬৬

তারিখঃ ২০ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
০৬ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ রাজশাহী জেলা পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে এডিপি বরাদ্দের সংরক্ষিত উপখাতের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন সংক্রান্ত।

সূত্রঃ রাজশাহী জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং- জেপরা/১৭-৭/২০১৭-১৮/১৫০, তারিখঃ ১৯/৪/২০১৮।

রাজশাহী জেলা পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে এডিপি বরাদ্দের সংরক্ষিত উপখাতের আওতায় ৮০,০০,০০০/- (আশি লক্ষ) টাকায় ৫৮টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক নং- ৫৬, ৫৭ এ বর্ণিত প্রকল্প ২টি ব্যতীত ৭৭,৯০,০০০/- (সাতাত্তর লক্ষ নব্বই হাজার) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ৫৬টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ১) পিপিআর-২০০৮ এবং এ সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ২) ৫.০০ লক্ষ বা তদূর্ধ্ব টাকার প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, রাজশাহী কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
- ৩) দ্বৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৪) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- ৫) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে ;
- ৬) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে "জেলা পরিষদ রাজশাহী এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত" বাক্যটি লিখে ফলক লাগাতে হবে;
- ৭) স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১৬ তারিখের ২২৬০ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করতে হবে।

২। ২,১০,০০০/- (দুই লক্ষ দশ হাজার) টাকায় প্রকল্প তালিকার ক্রমিক নং-৫৬, ৫৭ এ বর্ণিত গৃহীত প্রকল্প ২টি ব্যক্তির বাড়িতে নলকূপ স্থাপন সংক্রান্ত হওয়ায় জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাবে অসম্মতি জ্ঞাপন করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

J.A. Min
০৬/০৬/২০১৮
(ড. জুলিয়া মঈন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, রাজশাহী।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।